# বেস্ট হোল্ডিংসের আইপিও আবেদনের তারিখ পরিবর্তন

২০২৩ ডিসেম্বর ২৬ ২০:৪৯:১৮

নিজস্ব প্রতিবেদক : শেয়ারবাজার থেকে বুক বিল্ডিং পদ্ধতিতে অর্থ সংগ্রহের প্রক্রিয়ায় থাকা বেস্ট হোল্ডিংস লিমিটেডের আইপিও (প্রাথমিক গণপ্রস্তাব) আবেদনের তারিখ পরিবর্তন করা হয়েছে।

পরিবর্তিত সূচি অনুযায়ি, আগামী বছরের ১৪ জানুয়ারি আইপিও আবেদন শুরু হবে, চলবে ১৮ জানুয়ারি পর্যন্ত।

এর আগে কোম্পানিটির আইপিও আবেদনের তারিখ ৮ জানুয়ারি থেকে ১৪ জানুয়ারি পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, ইলেকট্রনিক বিডিংয়ের মাধ্যমে বেস্ট হোল্ডিংসের শেয়ারের কাট অফ প্রাইস (প্রান্তসীমা মূল্য) ৩৫ টাকা নির্ধারণ করেছেন যোগ্য বিনিয়োগকারীরা (ইআই)।

তবে কাট অফ প্রাইসের তুলনায় ৩০ শতাংশ কমে অর্থাৎ ২৪ টাকায় সাধারণ বিনিয়োগকারী ও অনাবাসী বাংলাদেশিদের কাছে শেয়ার ইস্যু করা হবে। গত ২০ থেকে ২৩ নভেম্বর কোম্পানিটির বিডিং অনুষ্ঠিত হয়।

এর আগে গত ১০ অক্টোবর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) ৮৮৫তম সভায় কোম্পানিটির আইপিও অনুমোদন দেওয়া হয়।

বেস্ট হোল্ডিংস লিমিটেড পুঁজিবাজার থেকে বুক বিল্ডিং পদ্ধতিতে আইপিওর মাধ্যমে ৩৫০ কোটি টাকা তুলবে। বেস্ট হোল্ডিংসের প্রজেক্টগুলোর মধ্যে আছে—লা মেরিডিয়ান, বেস্ট হোটেল লিমিটেড, ধামসোর ইকোনমিক জোন লিমিটেড প্রভৃতি।

কোম্পানিটি এসব টাকা ভবন ও অন্যান্য সিভিল ওয়ার্ক, মেশিনারিজ, ইক্যুইপমেন্ট প্রকিউরমেন্ট ফর লাক্সারি কালেকশন, বিদ্যমান দায় এবং আইপিও খাতে ব্যয় করবে।

২০২৩ সালের ৩০ জুনের আর্থিক বিবরণী অনুযায়ী, আলোচ্য সময়ে কোম্পানির পুনঃমূল্যায়নসহ শেয়ারপ্রতি নিট সম্পদ মূল্য ৫৬ টাকা ৩৪ পয়সা।

পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ারপ্রতি নিট সম্পদ মূল্য ৩২ টাকা ২৬ পয়সা। শেয়ারপ্রতি মুনাফা ১ টাকা ২৪ পয়সা। বিগত ৫ বছরের ভারিত গড় হারে শেয়ারপ্রতি মুনাফা ৯৫ পয়সা।

কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে আছে শান্তা ইক্যুইটি লিমিটেড এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট।

শেয়ারবাজারে তালিকাভুক্তির আগে কোম্পানিটি কোনো প্রকার ডিভিডেন্ড ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবে না।

শেয়ারনিউজ, ২৬ ডিসেম্বর ২০২৩